**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১২৮/২০১৭-১৮**

**ঢাকা, মঙ্গলবার ২ জানুয়ারি ২০১৮, ১৯ পৌষ ১৪২৪**

১। বিদেশে নতুন বাজার বের করুন : বাণিজ্যমেলা উদ্বোধনকালে উদ্যোক্তাদের প্রতি প্রধানমন্ত্রী

২। আকার বাড়ছে মন্ত্রিসভার, আজ সন্ধ্যায় বঙ্গভবনে শপথ হতে পারে

৩। প্রধানমন্ত্রীর সঙ্গে সন্তু লারমার বৈঠক

৪। আজ সুপ্রিমকোর্ট দিবস : স্মারকগ্রন্থের মোড়ক উন্মোচন করবেন রাষ্ট্রপতি

৫। আজ জাতীয় সমাজসেবা দিবস

৬। নতুন বই হাতে পেল সাড়ে ৪ কোটি শিক্ষার্থী

৭। দেশীয় বাদ্যযন্ত্র শিল্পীদের নিয়ে প্রথম যন্ত্রসংগীত উৎসব শুরু

৮। পুলিশ সপ্তাহ আগামী ৮ জানুয়ারি শুরু : পদক পাচ্ছেন ১৮২ জন

৯। চলতি অর্থবছরের প্রথম ছয় মাসে রেমিটেন্স বেড়েছে সাড়ে ১২ শতাংশ

১০। জনশক্তি রফতানিখাতে ৪১ বছরের রেকর্ড

চলমান পাতা-২

১। **বিদেশে নতুন বাজার বের করুন : বাণিজ্যমেলা উদ্বোধনকালে উদ্যোক্তাদের প্রতি প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ব্যবসা করে লাভের পাশাপাশি সাধারণ মানুষের ক্রয়ক্ষমতা বৃদ্ধি এবং বিদেশে নতুন বাজার খুঁজে বের করতে পদক্ষেপ নিতে ব্যবসায়ীদের প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, ব্যবসা-বাণিজ্যের জন্য নতুন দেশ, নতুন নতুন বাজার খুঁজে বের করতে হবে এবং সেইসব বাজারে কোন ধরনের পণ্য রপ্তানি করা যায়, সেটাও খুঁজে বের করতে হবে। দেশের রপ্তানিখাতকে সমৃদ্ধ করতেই এটি জরুরি। গতকাল (১ জানুয়ারি সোমবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে মাসব্যাপী ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা'র উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এ বছর ওষুধ শিল্পকে 'প্রডাক্ট অভ্ দ্য ইয়ার' ঘোষণা করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬)।

২। **আকার বাড়ছে মন্ত্রিসভার, আজ সন্ধ্যায় বঙ্গভবনে শপথ হতে পারে**

মন্ত্রিসভায় যোগ হচ্ছে নতুন মুখ। একইসঙ্গে কিছু রদবদলের আভাস পাওয়া গেছে। পদোন্নতি পেয়ে পূর্ণমন্ত্রী হতে পারেন মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী নারায়ণ চন্দ্র চন্দ। এছাড়া নতুন মুখ হিসেবে আসতে পারেন রাজবাড়ী-১ আসনের সংসদ সদস্য কাজী কেরামত আলী, লক্ষ্মীপুর-৩ এর এ কে এম শাহজাহান কামাল এবং প্রযুক্তিবিদ ও বেসিসের সভাপতি মোস্তফা জব্বার। রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ আজ ২ জানুয়ারি মঙ্গলবার সন্ধ্যায় বঙ্গভবনে মন্ত্রিসভার নতুন সদস্যদের শপথ করাতে পারেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.২), **সমকাল** ( পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৩। **প্রধানমন্ত্রীর সঙ্গে সন্তু লারমার বৈঠক**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বৈঠক করেছেন পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের চেয়ারম্যান ও জনসংহতি সমিতি'র (জেএসএস) সভাপতি জ্যোতিরিন্দ্র বোধিপ্রিয় (সন্তু) লারমা। গতকাল (১ জানুয়ারি সোমবার) গণভবনে এ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে রাঙ্গামাটি আসনের সংসদ সদস্য উষাতন তালুকদার, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের সদস্য গৌতম চাকমা, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, সামরিক সচিব উপস্থিত ছিলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫)।

৪। **আজ সুপ্রিমকোর্ট দিবস : স্মারকগ্রন্থের মোড়ক উন্মোচন করবেন রাষ্ট্রপতি**

আজ ২ জানুয়ারি মঙ্গলবার প্রথমবারের মতো পালন করা হবে সুপ্রিমকোর্ট দিবস। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে স্মারকগ্রন্থের মোড়ক উন্মোচন করবেন। সুপ্রিমকোর্টের জাজেস স্পোর্টস ক্লাবে অনুষ্ঠেয় এ অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন দায়িত্বপ্রাপ্ত প্রধান বিচারপতি মো. আবদুল ওয়াহ্হাব মিঞা। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.৫)।

৫। **আজ জাতীয় সমাজসেবা দিবস**

আজ ২ জানুয়ারি মঙ্গলবার জাতীয় সমাজসেবা দিবস। 'নারী-পুরুষ নির্বিশেষ, সমাজসেবায় গড়ব দেশ' প্রতিপাদ্যে দিবসটি ঘিরে চারদিনের বিস্তারিত কর্মসূচি গ্রহণ করেছে সমাজসেবা অধিদপ্তর। রাজধানীসহ দেশের বিভিন্ন স্থানে শোভাযাত্রা, আলোচনা সভা, মেলা, সাংস্কৃতিক অনুষ্ঠান, দুস্থদের মাঝে ঋণ বিতরণ এবং শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণসহ বিভিন্ন কর্মসূচি রয়েছে। বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রের হল অব ফেম-এ দিবসের

উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১)।

**৬। নতুন বই হাতে পেল সাড়ে ৪ কোটি শিক্ষার্থী**

গতকাল (১ জানুয়ারি সোমবার) বছরের প্রথম দিন দেশের প্রাক-প্রাথমিক, প্রাথমিক ও মাধ্যমিক স্তরের সাড়ে চার কোটি স্কুল শিক্ষার্থীর হাতে ৩৫ কোটি ৪২ লাখ নতুন ঝকঝকে পাঠ্যবই তুলে দিয়ে ইংরেজি নববর্ষ শুরু করেছে বাংলাদেশ। রাজধানীসহ দেশজুড়ে স্কুলে স্কুলে উদ্‌যাপিত হয় 'পাঠ্যপুস্তক উৎসব'। নতুন বই হাতে পেয়ে আনন্দের জোয়ারে ভেসে যায় খুদে শিক্ষার্থীরা। রাজধানী থেকে শুরু করে দেশের প্রতিটি জেলা, উপজেলা, ইউনিয়ন ও গ্রামের স্কুলে উৎসবের মধ্য দিয়ে প্রদান করা হয়েছে প্রায় সাড়ে ৩৫ কোটি বিনামূল্যের পাঠ্যবই ও শিক্ষা উপকরণ। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.৫)।

**৭। দেশীয় বাদ্যযন্ত্র শিল্পীদের নিয়ে প্রথম যন্ত্রসংগীত উৎসব শুরু**

বাংলার বাদ্যযন্ত্র ও যন্ত্রসংগীতকে রক্ষা ও মানসম্মত চর্চাসহ নতুন প্রজন্মকে আমাদের দেশীয় বাদ্যযন্ত্রে আগ্রহী করে তোলার লক্ষ্যে প্রথমবারের মতো শুরু হলো- 'জাতীয় যন্ত্রসংগীত উৎসব'। বাংলাদেশ শিল্পকলা একাডেমির আয়োজনে একাডেমির উন্মুক্ত প্রাঙ্গণের 'নন্দন মঞ্চ'-এ গতকাল (১ জানুয়ারি সোমবার) ইংরেজি নতুন বছরের প্রথমদিনের বিকেল থেকে শুরু হয়েছে দশদিনের এ 'জাতীয় যন্ত্রসংগীত উৎসব ২০১৮'। এ উৎসবের উদ্বোধন করেন সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৭), **সমকাল** (পৃ.৩,ক.৬), **অবজারভার** (পৃ.১০,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৪)।

**৮। পুলিশ সপ্তাহ আগামী ৮ জানুয়ারি শুরু : পদক পাচ্ছেন ১৮২ জন**

জঙ্গি, মাদকের প্রতিকার বাংলাদেশ পুলিশের অঙ্গীকার, এ স্লোগানকে সামনে রেখে আগামী ৮ জানুয়ারি পুলিশ সপ্তাহ শুরু হচ্ছে। এবার পুলিশ সপ্তাহে গত বছরের জঙ্গি ও সন্ত্রাস দমনসহ মানবিক কাজ করার জন্য সর্বমোট ১৮২ জনকে পদক দেওয়া হবে। পুলিশ সপ্তাহের অনুষ্ঠানে তাদের আনুষ্ঠানিকভাবে এ পদক দেওয়া হবে। পুলিশ হেডকোয়ার্টার্স থেকে জানা গেছে, আগামী ৮ জানুয়ারি থেকে ১২ জানুয়ারি পর্যন্ত পুলিশ সপ্তাহের কার্যক্রম চলবে। এ উপলক্ষে রাজারবাগ পুলিশ লাইন মাঠে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজনের প্রস্তুতি প্রায় শেষ পর্যায়ে রয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **যুগান্তর** (পৃ.৩,ক.৪)।

**৯। চলতি অর্থবছরের প্রথম ছয় মাসে রেমিটেন্স বেড়েছে সাড়ে ১২ শতাংশ**

চলতি অর্থবছরের প্রথম ছয়মাসে (জুলাই-ডিসেম্বর) ৬৯৩ কোটি ৫৭ লাখ মার্কিন ডলার রেমিটেন্স পাঠিয়েছেন বিদেশে কর্মরত বাংলাদেশি প্রবাসীরা। গত অর্থবছরের একই সময়ে রেমিটেন্স আসে ৬১৬ কোটি ৬৮ লাখ মার্কিন ডলার। এক বছরের ব্যবধানে রেমিটেন্স প্রবাহ বেড়েছে সাড়ে ১২ শতাংশ। বাংলাদেশ ব্যাংক সূত্রে এ তথ্য জানা গেছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **সমকাল** (পৃ.১২,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১), **নিউ নেশন** (পৃ.১৩,ক.৫)।

**১০। জনশক্তি রফতানিখাতে ৪১ বছরের রেকর্ড**

২০১৭ সালে জনশক্তি রফতানিতে ৪১ বছরের রেকর্ড সৃষ্টি হয়েছে। আগের বছরের তুলনায় সদ্যসমাপ্ত বছরে বিদেশে কর্মী পাঠানোর হার ৩৩ শতাংশ বেড়ে ১০ লাখ ছাড়িয়েছে। বাংলাদেশে ১৬ কোটির অধিক জনসংখ্যার প্রায় ৬০ শতাংশ কর্মক্ষম। প্রতি বছর ২০-২২ লাখ মানুষ শ্রমবাজারে ঢুকছে। প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সুষ্ঠু অভিবাসন ব্যবস্থাপনায় বিদেশের শ্রমবাজারে কর্মক্ষম জনবলের একটি বড় অংশের কর্মসংস্থান হয়েছে। গত বছরের ৩১ ডিসেম্বর পর্যন্ত ১০ লাখ আট হাজার ৫২৫ জন বাংলাদেশির বিশ্বের বিভিন্ন দেশে কর্মসংস্থান হয়। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ.,ক.৩), **অবজারভার** (পৃ.১৭,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৪)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক** : পাহাড় কাটা, বালু উত্তোলন ও বসতি স্থাপনের কারণে প্রতি বছরই দেশে পাহাড়ধস ঘটে উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

খ. **জনকণ্ঠ** : অর্থনৈতিক উন্নয়ন ও অগ্রগতি অর্জন এবং তা অব্যাহত রাখতে হলে সুশাসনসহ রাজনৈতিক স্থিতিশীলতার ওপর গুরুত্বারোপ।

গ. **প্রথম আলো** : সড়ক দুর্ঘটনা প্রতিরোধে পরিবহণ মালিক, শ্রমিক ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সাথে সাথে যাত্রীদের সচেতনতা বাড়ানোর আহ্বান।

ঘ. **সমকাল** : বিচারক সংকট , সময়মতো সাক্ষী উপস্থিত না হওয়ার কারণে রাজবাড়ীর জেলা জজ আদালতে মামলাজট প্রকট রূপ নিয়েছে উল্লেখ করে সারাদেশের আদালতগুলির মামলাজট কমাতে যথার্থ পদক্ষেপ কামনা।

ঙ. **ভোরের কাগজ** : অনুমোদনহীন কিছু কোচিং সেন্টারের বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশনের নেওয়া তৎপরতাকে সাধুবাদ জানিয়ে ভুয়া কোচিং সেন্টারগুলোর ব্যাপারে আইনানুগ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট** : শিশুশ্রম প্রতিরোধে দরিদ্র পরিবারের আয়-রুজির ব্যবস্থা করা ও শিশুদের কর্মস্থলের পাশে শিক্ষার ব্যবস্থা করে শিশুদের শ্রমঘন্টা নির্দিষ্ট করার সুপারিশ।

ছ. **ডেইলি সান** : পূর্বাচল স্যাটেলাইট টাউনের পাশে সরকারি জমি অবৈধভাবে দখল করে স্টেডিয়াম বানানোর প্রচেষ্টা কঠোরহস্তে প্রতিহত করার আহ্বান।

জ. **নিউ এজ** : বেসরকারি স্কুল ও কিন্ডারগার্টেনের প্রভাবে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তি দিনদিন কমে যাওয়ার পরিপ্রেক্ষিতে মেধাবী ও শিক্ষিতদের শিক্ষক হিসেবে নিয়োগ পেতে আগ্রহী করতে বেতন-ভাতাসহ অন্যান্য সুযোগ-সুবিধা বাড়ানোর সুপারিশ।

ঝ. **নিউ নেশন** : বিদ্যমান সংরক্ষিত বনাঞ্চল ৪৪ লাখ একর থেকে ৬৮ লাখ একরে উন্নীত করার সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়নের প্রত্যাশা ব্যক্ত করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, দারিদ্র্য নির্মূল ও আয়বৈষম্য কমানোর জন্য ধনী শ্রেণির ওপর প্রগতিমূলক কর বাড়াতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'প্রসঙ্গ : ক্যাডার নন ক্যাডার শিক্ষক'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে–শিক্ষকরা যদি উদার  প্রগতিশীল মানসিকতার না হয়, তাহলে জাতিও উদার হতে পারবে না।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০